

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৮২৯  
বিলোনীয়া, ২৫ নভেম্বর, ২০২৩

**দক্ষিণ ত্রিপুরা নেশামুক্ত সুপার লিগ ফুটবল প্রতিযোগিতার উদ্বোধন  
নেশার বিরুদ্ধে জনমত গড়ে তুলতে খেলার মাঠের ভূমিকা রয়েছে : মুখ্যমন্ত্রী**

নেশার বিরুদ্ধে জনমত গড়ে তুলতে খেলার মাঠের ভূমিকা রয়েছে। শারীরিক ও মানসিক ভাবে উন্নতি করতে হলে পড়াশুনার পাশাপাশি খেলাধুলা করতে হবে। দেশকে এগিয়ে নিয়ে যেতেও খেলাধুলার ভূমিকা রয়েছে। আজ দক্ষিণ ত্রিপুরা জেলা প্রশাসনের উদ্যোগে দক্ষিণ ত্রিপুরা নেশামুক্ত সুপার লিগ ফুটবল প্রতিযোগিতার উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। ‘চলো খেলি এবং ড্রাগসকে না বলি’ এই শ্লোগানকে সামনে রেখে বিলোনীয়ার বি কে আই ফুটবল মাঠে এই প্রতিযোগিতা আজ থেকে শুরু হয়েছে। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী নেশার কুফল সম্পর্কে জনগণকে সচেতন করতে দক্ষিণ ত্রিপুরা জেলা প্রশাসন কর্তৃক এই ফুটবল প্রতিযোগিতার উদ্যোগকে সাধুবাদ জানান। উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন দক্ষিণ ত্রিপুরা জেলা পরিষদের সহকারী সভাপতি বিভীষণ চন্দ্র দাস, বিধায়ক মইলাফু মগ, বিধায়ক স্বপ্না মজুমদার, পুলিশ সুপার আকাশ কুমার সিনহা।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী আরও বলেন, নেশামুক্ত ত্রিপুরা গড়ার ক্ষেত্রে আরক্ষা প্রশাসনের পাশাপাশি ক্লাব, সামাজিক সংস্থা, ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলিকে এগিয়ে আসতে হবে। মুখ্যমন্ত্রী শিক্ষক অভিভাবকদের প্রতি অনুরোধ রাখেন ছেলেমেয়েদের প্রতি বিশেষভাবে নজর রাখার জন্য। তিনি বলেন, উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলির মধ্যে ত্রিপুরায় সবচেয়ে বেশী নেশাদ্রব্য আটক করা হয়েছে এবং নষ্ট করা হয়েছে। পাশাপাশি আমাদের রাজ্যের আটটি জেলাতেই ডি-অ্যাডিকশান সেন্টার খোলা হচ্ছে। অনুষ্ঠানে ক্রীড়ামন্ত্রী টিংকু রায় বলেন, প্রধানমন্ত্রীর স্বপ্নের ইয়ং ইন্ডিয়া তৈরী করতে হলে নেশামুক্ত যুব সমাজ তৈরী করতে হবে। তিনি নেশামুক্ত যুব সমাজ তৈরী করার জন্য সমাজের সকল অংশের জনগণের সহযোগিতা কামনা করেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন জেলাশাসক ও সমাহর্তা সাজু বাহিদ এ। উল্লেখ্য এই প্রতিযোগিতায় জেলার মোট এগারটি ফুটবল দল অংশ গ্রহণ করেছে।

\*\*\*\*\*